9

তারিখ 11 JUL 1996
পৃষ্ঠা 2 কলাম 6

দৈনিক ইত্তেফাক

## প্রাথমিক শিক্ষা সপ্তাহ '৯৬-এ অনিয়ম

সম্প্রতি ময়মনসিংহস্থ জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমীতে তিন দিন-ব্যাপী প্রাথমিক শিক্ষা সপ্তাহ '৯৬ সমাপ্ত হইয়াছে। দুঃখের বিষয়, এই সপ্তাহ উপলক্ষে অনুষ্ঠিত বিভিন্ন প্রতিযোগিতায় নানা অনিয়ম ঘটিয়াছে। যেমন, শিক্ষা সপ্তাহের দ্বিতীয় দিনে (৩১শে জুন-'৯৬) উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতার সময় একজন বাদে সকল প্রতিযোগীকে দুই মিনিট চিন্তা করার সুযোগ দেওয়া হয়। বিষয় নির্ধারণের ক্ষেত্রেও একই ধরনের চাতুরি করা হয়। উদাহারণ স্বরূপ: 'তোমার প্রিয় শিক্ষক' বিষয়ে দুইজনকে বলার সুযোগ দেওয়া হয়। ফলে প্রথম জনের বক্তৃতার পর দ্বিতীয়জন স্বাভাবিকভাবেই প্রথম জনের বক্তব্য হইতে কিছু পয়েন্ট পায় এবং দ্বিতীয় জনকে বিজয়ী ঘোষণা করা হয়। এমনিভাবে সঙ্গীত-সহ অন্যান্য প্রতিযোগিতায়ও নানা কৌশলে নিজেদের প্রতিযোগীকে বিজয়ী করিয়া নেওয়া হয়।

উল্লেখ্য, উক্ত অনুষ্ঠান জাতীয়-ভিত্তিক হইলেও জাতীয় পর্যায়ে কোন বিচারক রাখা হয় নাই। কেবল ময়মনসিংহের লোকদেরই বিচারক হিসাবে রাখা হয়। এইসব অনিয়মের ব্যাপারে অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রী ও অভিভাবকরা আপত্তি তুলিলে সে আপত্তিতে কর্ণপাত তো করা হয়ই নাই, বরং অনেক আপত্তি-কারীকে অপদস্থ হইতে হইয়াছে। বিষয়টির প্রতি সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃ-পক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—সরোয়ার হোসেন জনি, তবলা বাদক, কেরানীগঞ্জ, ঢাকা।